

স্মারক নং-উনিঅকা/গোয়াইন/সিল/২০১৫/ ৩৫৩

তারিখ ১৫-০৪-২০১৫ খ্রিষ্টাব্দ।


আউটসোর্সিংয়ের মাধ্যমে দণ্ডরী কাম-প্রহরী- পদে নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পত্র সংখ্যা নং ৩৮.০০২.০১৫.০০.০০.০২৪.২০১০-৯৪৩ তারিখ: ০৬ আগস্ট ২০১২, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (প্রশাসন-২ অধিশাখা) স্মারক নং ৩৮.০০২.০১৫.০০.০০. ০২৪. ২০১০ (অংশ-১)১১৫ তারিখ- ২৬/০১/২০১৫, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং-প্রাশিঅ/সা:প্র:/২ই-১৮/২০০৯/৫১৫ (৬৪) তারিখ: ৩০ মার্চ ২০১৫ ও জেলা প্রাথমিক শিক্ষা অফিস, সিলেট এর অফিস স্মারক নং- জেপ্রাশিঅ/সিল/২০১৫/১৩৮৪(৩৪) তারিখ- ০৭/০৪/২০১৫ মোতাবেক প্রাথমিক শিক্ষা অধিদপ্তরারধীন সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলার পাতলীকোনা, লামনী, বড়ঘোষা, টুকইর, দামদমা, হাইডর, দেওয়ারাম, রাজনগর, ছাতারাম, গহড়া, নকশিয়ারপুঞ্জি, আসামপাড়া, সংগ্রামপুঞ্জি, নলজুরী, সিটিংবাড়ী, জুজামহল, ফাদলীপুর, খলা, বুধিগাঁও, নয়াদ্রাম, বানীদ্রাম, জলুরমুখ আবাদীপাড়া, কচুয়ারপার, ফুলতৈলছগাম, পূর্ব পেকের খাল, পাইকরাজ, ঘোড়ামারা, সাতকুড়িকান্দি, বরইতলা ও লংপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে একজন করে দণ্ডরী-কাম- প্রহরী পদে আউট সোর্সিংয়ের মাধ্যমে অস্থায়ীভাবে জনবল নিয়োগের নিমিত্ত শর্তাবলী সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নাম	মাসিক সর্বসাকুল্যে বেতন	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা
দণ্ডরী-কাম- প্রহরী	৭,০০০/- (সাত হাজার) টাকা।	১৫-০৪-২০১৫ তারিখে ১৮-৩০ বছর, (মুক্তিযোদ্ধা সন্তান/সন্তানের সন্তান এর ক্ষেত্রে বয়সসীমা- ৩২ বছর)	ন্যূনতম অষ্টম শ্রেণী পাশ

শর্তাবলী :

- জনপ্রশাসন মন্ত্রণালয় (প্রশাসন-১ শাখা) এর ২৯-১২-২০১৪ খ্রি: তারিখের ০১ নং স্মারকে জারীকৃত পরিপত্রের নির্দেশনা অনুসরণ ক্রমে নির্ধারিত "চাকুরীর আবেদন ফরম" স্বহস্তে পুরণক্রমে দুই কপি আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরম উপজেলা শিক্ষা অফিস ও স্ব স্ব প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।
- আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক এবং সংশ্লিষ্ট বিদ্যালয়ের ক্যাচমেন্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে ক্যাচমেন্ট এলাকার কোন উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে সে ক্ষেত্রে ক্যাচমেন্ট এলাকার পার্শ্ববর্তী ক্যাচমেন্ট এলাকার প্রার্থীকে বিবেচনা নেয়া যেতে পারে।
- ১৫-০৪-২০১৫ খ্রি: তারিখে প্রার্থীর বয়সসীমা সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩০ বছর হতে হবে, তবে মুক্তিযোদ্ধা সন্তান/ সন্তানের সন্তান এর ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিল যোগ্য।
- প্রার্থীর সর্বনিম্ন শিক্ষাগত যোগ্যতা ৮ম শ্রেণী পাশ।
- দণ্ডরী-কাম-প্রহরী পদে নিয়োগের ক্ষেত্রে নৈশকালীন প্রহরার জন্য উপযুক্ত, সাইকেল চালানায় পারদর্শী, সুস্বাস্থ্যের অধিকারী পুরুষ প্রার্থীরই কেবল আবেদনের যোগ্য হবেন।
- আবেদন পত্র বিজ্ঞপ্তি প্রকাশের ১০ (দশ) দিনের মধ্যে নিয়োগ কমিটির সদস্য সচিব, উপজেলা শিক্ষা অফিসার, গোয়াইনঘাট, সিলেট এর কার্যালয়ে প্রতিদিন (সকাল ৯টা হতে বিকাল ৫ টা পর্যন্ত) জমা দেওয়া যাবে। আবেদনের সাথে ২ কপি রঙিন সদ্যতোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদ, ক্যাচমেন্ট এলাকার স্থায়ী বাসিন্দা মর্মে সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের প্রত্যয়ন, মুক্তিযোদ্ধা সন্তান/ মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান এর ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ ও ডাটাবেইজ এবং উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, নিয়োগ কমিটি নামে ২০০ টাকা মূল্যের অফেরতযোগ্য পোস্টাল অর্ডার সংযুক্ত করতে হবে। যেকোন সনদের ফটোকপি দাখিল করলে তা প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।
- প্রাথমিক বাছাইয়ে উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ২৬-০৪-২০১৫ খ্রি: তারিখ প্রবেশপত্রে উল্লেখিত সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অনুষ্ঠিত হবে। প্রাথমিক বাছাইয়ে উত্তীর্ণ প্রার্থীদের তালিকা gowainghat.sylhet.gov.bd ওয়েবসাইট, ইউনিয়ন ডিজিটাল সেন্টার সমূহ, উপজেলা শিক্ষা অফিসার এর কার্যালয়ের নোটিশ বোর্ড ও সংশ্লিষ্ট বিদ্যালয়ে পাওয়া যাবে।
- নিয়োগের জন্য মনোনীত ব্যক্তি যোগদানের অনুরোধ প্রাপ্তির পর যোগদানে সম্মত হলে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প নিয়োগকারী কর্তৃপক্ষের সাথে চুক্তি নামা স্বাক্ষর করে দণ্ডরী-কাম-প্রহরী পদে যোগদান করবেন এবং চুক্তি অনুযায়ী দায়িত্ব পালন করবেন।
- মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।


(মোহাম্মদ আর্জিউল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার

ও
সভাপতি

সরকারী প্রাথমিক বিদ্যালয়ে দণ্ডরী-কাম-প্রহরী পদে বাছাই ও নিয়োগ কমিটি

গোয়াইনঘাট, সিলেট।

০১/৫